



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
গুলফেশী প্লাজা (৭ম তলা)
৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক
বড় মগবাজার, রমনা
ঢাকা-১২১৭।

এমআরএ/সার্কুলার লেটার নং-রেগু-৩৯

তারিখ: ১০ আশ্বিন ১৪২৩ বাংলা
২৫ সেপ্টেম্বর ২০১৬ ইংরেজী

প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান

**বিষয়ঃ ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের হালনাগাদ পর্ষদের তালিকা, সংশোধিত গঠনতন্ত্র
ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের জীবনবৃত্তান্ত দাখিল প্রসংগে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, অথরিটি হতে সনদপ্রাপ্তির পর অধিকাংশ ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান তাদের নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত সাধারণ পর্ষদ ও পরিচালনা পর্ষদের হালনাগাদ তালিকা কিংবা প্রতিষ্ঠানের গঠনতন্ত্র সংশোধন করা হলেও উক্ত সংশোধিত গঠনতন্ত্রের কপি অথরিটিতে দাখিল করা হতে বিরত আছে। এছাড়া প্রতিষ্ঠানসমূহের প্রধান নির্বাহী কর্মকর্তা পরিবর্তন বা পর্ষদে নতুন সদস্য অন্তর্ভুক্তির ক্ষেত্রে নতুন নিয়োগপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তার নিয়োগ সংক্রান্ত কাগজপত্র বা অন্তর্ভুক্ত নতুন সদস্যগণের জীবনবৃত্তান্ত অথরিটিতে দাখিল করা হয় না। উল্লেখ্য, দাপ্তরিক বিভিন্ন কারণে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের হালনাগাদ গঠনতন্ত্র, পর্ষদের তালিকা এবং প্রধান নির্বাহী কর্মকর্তাসহ প্রতিষ্ঠানের পর্ষদ সদস্যগণের ঠিকানা সম্পর্কিত হালনাগাদ তথ্য অথরিটিতে থাকা আবশ্যিক।

বর্ণিতাবস্থায়, আগামী ৩১/১০/২০১৬ তারিখের মধ্যে নিম্নোল্লিখিত কাগজপত্র/দলিলাদি অত্র অথরিটিতে দাখিল করার জন্য সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানকে অনুরোধ করা হলো:-

- (১) সনদপ্রাপ্তির পর নিবন্ধনকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রতিষ্ঠানের গঠনতন্ত্র পরিবর্তন, পরিবর্ধন বা সংশোধন করা হয়ে থাকলে এবং উক্ত সংশোধনী আনয়নের পর অথরিটিতে দাখিল না করা হলে সংশোধিত গঠনতন্ত্রের সত্যায়িত কপি;
- (২) নিবন্ধন কর্তৃপক্ষের নিকট দাখিলকৃত হালনাগাদ সাধারণ পর্ষদের তালিকা ও নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হালনাগাদ পরিচালনা পর্ষদের তালিকার সত্যায়িত কপি;
- (৩) মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি বিধিমালা, ২০১০ এর তফসিল-‘খ’ এর ছক-১ এ বর্ণিত নমুনা অনুযায়ী প্রতিষ্ঠানের সাধারণ পর্ষদের সদস্যের জীবনবৃত্তান্ত (যাদের জীবনবৃত্তান্ত ইতিপূর্বে দেয়া হয়নি);
- (৪) প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তার নিয়োগ সংক্রান্ত যাবতীয় কাগজপত্র (যেমন- নিয়োগের বিষয়ে প্রতিষ্ঠানের পর্ষদে গৃহীত সিদ্ধান্ত, নিয়োগপত্র ও যোগদানপত্রের কপি) এবং প্রধান নির্বাহী কর্মকর্তার জীবনবৃত্তান্ত (ইতিপূর্বে তথ্য দাখিল না করা হলে)।

বিশেষভাবে উল্লেখ্য যে, পরবর্তী সময়ে উপরোল্লিখিত বিষয়ে কোন পরিবর্তন আনা হলে অনতিবিলম্বে উক্ত পরিবর্তিত তথ্যাদি একইভাবে অথরিটিতে দাখিল করার জন্যও আপনাদেরকে অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মোশাররফ হোসেন খান)
পরিচালক
ফোনঃ ৮৩৩৩৬৩৬

সূত্র নং- ৫৩.০১.০০০০.০০৯.০১.০০৩.২০১৬- ৫৭৩৬ (১৬-৩)

তারিখঃ-২৫/০৯/২০১৬ইং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা।
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৩. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৪. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, ঢাকা।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ ইয়াকুব হোসেন)
উপ-পরিচালক
ফোন: ৮৩১৫৭৯৯।